প্রথম আলো অর্থনীতি

পরিবেশবান্ধব শিল্পে সহায়তা দেবে কেন্দ্রীয় ব্যাংক

নারায়ণগঞ্জ প্রতিনিধি | আপডেট: ০০:৪১, এপ্রিল ২৬, ২০১৫ | প্রিন্ট সংস্করণ

দেশে পরিবেশবান্ধব শিল্প গড়তে আগ্রহী উদ্যোক্তাদের বিনিয়োগসহ সব ধরনের সহযোগিতা দেবে বাংলাদেশ ব্যাংক।

নারায়ণগঞ্জ সদর উপজেলার নরসিংপুরে স্থাপিত প্লামি ফ্যাশন লিমিটেডের নবনির্মিত পরিবেশবান্ধব নিট পোশাক কারখানা পরিদর্শনকালে গতকাল শনিবার কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর আতিউর রহমান এ কথা বলেন।

গভর্নর বলেন, 'পৃথিবীতে বাংলাদেশ ব্যাংকই একমাত্র কেন্দ্রীয় ব্যাংক, যার পরিবেশবান্ধব ব্যাংকিংয়ের সুস্পষ্ট নীতিমালা এবং এ জন্য আলাদা বিভাগ রয়েছে। উদ্যোক্তাদের ঋণ সহায়তা দিতে নীতিমালাটির আওতায় আমরা একটি তহবিল গঠন করেছি।'

আতিউর রহমান বলেন, বাংলাদেশ যদি প্লামি ফ্যাশনের মতো পরিবেশবান্ধব কারখানায় তৈরি বস্ত্রের ব্র্যান্ডিং করতে পারে, তাহলে সাভারের রানা প্লাজায় যে দুঃখজনক ঘটনা ঘটেছে সেটির কলঙ্কমোচন হবে। তিনি দেশের ব্যবসায়ীদের এ ধরনের শিল্প গড়ার আহ্বান জানান।

গভর্নরের পরিদর্শনের সময় তাঁর সঙ্গে ছিলেন প্লামি ফ্যাশনের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও বিকেএমইএর সাবেক সভাপতি ফজলুল হক, কারখানাটিতে অর্থায়নকারী আইএফআইসি ব্যাংকের এমডি শাহ্ এম সারোয়ার।

ফজলুল হক সাংবাদিকদের বলেন, 'সারা পৃথিবীর প্রথম লিড প্লাটিনাম সার্টিফিকেটধারী নিটওয়্যার কারখানা হতে যাচ্ছে আমার প্রতিষ্ঠানটি। এটি শুধু আমাদের না, পুরো দেশের জন্য গৌরবের। আশা করি, আমাদের পোশাক খাতের বড় উদ্যোক্তারা এমন উদ্যোগ নিলে বাংলাদেশ সামনের দিকে এগিয়ে যাবে।'

আইএফআইসি ব্যাংকের এমডি বলেন, 'আমরা আবেগের বশবর্তী হয়ে এই প্রতিষ্ঠানে অর্থায়ন করিনি। বরং এ ধরনের প্রতিষ্ঠানের ব্যাপক অর্থনৈতিক সম্ভাবনা দেখেই অর্থায়ন করেছি।'